রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ২৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ মার্চ ২০১৮ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৬৪.০৩২.০২৩.১২/১৯৪**—যেহেতু, জনাব শরিফুল হক, পিতা-মৃত আনোয়ার হোসেন, সাং-গৌরীপুর, উপজেলা-কানাইঘাট, জেলা-সিলেট, কানাইঘাট পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, জনাব শরিফুল হক ২৯-০৬-২০১৬ তারিখ হতে ২৯-০৬-২০১৭ তারিখ পর্যন্ত মোট ১৭টি পৌর পরিষদের মাসিক সভায় অনুপস্থিত ছিলেন; এবং

যেহেতু, জনাব শরিফুল হক এর বিরুদ্ধে দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, সিলেটে মামলা নং ১৫১/২০১৪ দায়ের হয়েছে এবং উক্ত মামলার চার্জশীট বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক যেক্ষেত্রে কোন পৌরসভার কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে অথবা তার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হয়েছে, সে ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে; এবং

যেহেতু, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলা হওয়ায় এবং ফৌজদারী মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় জনাব মোঃ শরিফুল হক কর্তৃক ওয়ার্ড কাউন্সিলর হিসাবে দায়িত্ব পালন করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতির সঞ্চার হতে পারে বিধায় তাঁর কর্তৃক কাউন্সিলরের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী এবং জনপ্রতিনিধি হিসেবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাঁকে কাউন্সিলরের পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, সিলেট জেলার কানাইঘাট পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শরিফুল হককে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,কে,এম আনিছুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd